



Since 1986

পদক্ষেপ

মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা- ১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web:www.padakhep.org

স্মারক নং/পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০২০/২২৫৭

তারিখ : ১৬/০৬/২০২০

অফিস স্মারক

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা ও করনীয় প্রসঙ্গে।

বর্নিত বিষয়ের আলোকে সংস্থায় কর্মরত সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি করোনা ভাইরাস মানুষ থেকে মানুষে সংক্রামিত একটি বহুল আলোচিত রোগ। করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায় এবং শ্বাসতন্ত্রের মাধ্যমেই এটি একজনের দেহ থেকে আরেকজনের দেহে ছড়ায়। বিশ্বের অনেক দেশেই বর্তমানে করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা দিন দিন বেড়েই চলছে। যেহেতু এটি একটি সংক্রামন রোগ এবং এখনো ভ্যাকসিন আবিষ্কার হয়নি, সেহেতু এর বিস্তার রোধই প্রতিরোধের একমাত্র উপায়। এরোগের সংক্রমণ থেকে মুক্ত থাকার জন্য নিম্নে উল্লেখিত নির্দেশনা গুলো যথাযথ ভাবে পালন করার জন্য বলা হলো।

- ☞ প্রতিদিন কমপক্ষে ৬ বার সাবান/হ্যান্ড ওয়াশ/স্যানিটাইজার/হেল্লিসোল দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড হাত ধুয়ে জীবানু মুক্ত করা।
- ☞ হাত না ধুয়ে মুখ, চোখ ও নাক স্পর্শ না করা।
- ☞ হাঁচি কাশি দেওয়ার সময় টিসু বা কাপড় দিয়ে মুখ ঢেকে রাখা।
- ☞ যারা হাঁচি-কাশি দিচ্ছেন তাদের কাছ থেকে অন্তত ৩ ফুট দূরত্বে থাকা।
- ☞ ঠান্ডা বা ফ্লু-আক্রান্ত ব্যক্তির সাথে না মেশা।
- ☞ মাংস বা ডিম খুব ভালোভাবে সেদ্ধ করে রান্না করা।
- ☞ পশু পাখি কিংবা পশুপাখির মল খালি হাতে স্পর্শ না করা।
- ☞ জনসমাবেশে অংশগ্রহণ কিংবা পাবলিক যানবাহনে যাতায়াত না করা।
- ☞ করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে এমন এলাকা এড়িয়ে চলা।
- ☞ বন্ধু বান্ধব ও সবার সাথে হাত মিলানো বা হ্যান্ড শেইক করা থেকে বিরত থাকা।
- ☞ এযাবৎ যত রোগী আক্রান্ত হয়েছে তার সবাই বাহিরের পরিবেশের দ্বারা আক্রান্ত হয়েছে, তাই যতটা সম্ভব বাহিরে যাওয়া সীমিত/পরিহার করা।
- ☞ মুখে মাস্ক ব্যবহার করা যেতে পারে।
- ☞ কোন কর্মী/কর্মকর্তা আত্মীয় বিদেশ থেকে আসলে কমপক্ষে ১৪ দিন পর্যন্ত তার সংস্পর্শে না যাওয়া।
- ☞ বিদেশ থেকে আগত কোন লোকের সংস্পর্শে কোন কর্মী আসলে তাকে স্ট্রেচ্চায় আইসোলেশনে যাওয়া।
- ☞ গরম আবহাওয়ায় করোনা ভাইরাস বাঁচে না, ৭০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ভাইরাসটি মারা যাওয়ার সম্ভবনা থাকে তাই যতটা সম্ভব গরম পানি পান করা এবং আইসক্রিম ও ঠান্ডা জাতীয় খাবার পরিহার করা।
- ☞ করোনা ভাইরাস ৯ ঘন্টা পর্যন্ত জীবিত থাকতে পারে তাই ব্যবহৃত কাপড় সাবান/ডিটারজেন্ট দিয়ে ধুয়ে কমপক্ষে দুই ঘন্টা রোদে শুকাতে দেয়া।
- ☞ কোন কর্মী/কর্মকর্তা অসুস্থতা বোধ করলে বিশেষ করে জ্বর, সর্দি, কাশি, মাথা ব্যাথা, গলা ব্যাথা, শ্বাসকষ্ট, নিউমোনিয়া ইত্যাদি উপসর্গ দেখা দিলে অফিসে না এসে কর্তৃপক্ষকে অবগত করে বাসায় বিশ্রাম নেওয়া অথবা একান্ত প্রয়োজনে বিশেষজ্ঞ ডাক্তারের স্মরণাপন্ন হওয়া।

অত্র অফিস আদেশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নির্দেশ দেয়া যাচ্ছে।

Drum

(মোঃ সালাহ বিন সামস)

নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও

পরিচালক (মাইক্রোফাইন্যান্স)

অনুলিপিঃ (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)

১. প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মী।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সকল জোনাল ম্যানেজার/এরিয়া ম্যানেজার/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৪. অফিস কপি।